ইসলামী কিশোর উপন্যাস

সান্টু মামার স্কুল

শায়েখ আব্দুল্লাহ আল মুনীর

সূচিপত্র

১. জ্ঞান অর্জন.....৩
২. বিড়াল.....২৫
৩. জীন.....৫৫
৪. দয়া.....৭১
৫. সান্টু মামার স্কুল.....৯২

১. জ্ঞান অর্জন

রানার বৃষ্টির দিন স্কুল কামায় করা যায় ঠিকই কিন্তু একটুও মজা করা যায় না। পাড়ার অন্যন্য ছেলেরা সারাদিন বুষ্টিতে ভেজে, স্কুলমাঠে কাদাপানির মধ্যে ফুটবল খেলে, কিন্তু রানার বৃষ্টিতে ভেজা একদম সহ্য হয় না। একদিন বৃষ্টিতে ভিজলেই এক সপ্তাহ সর্দি জ্বরে ভুগতে হয়, বাবা মার কাছে বকা শুনতে হয়। আজ সকাল থেকে বৃষ্টি হচ্ছে। রানা ঘুম থেকে উঠে ফজরের সলাত পড়েছে, কোরআন তেলাওয়াত করেছে তারপর সকালের খাবার খেয়ে পড়ার টেবিলে বসে বৃষ্টি দেখতে দেখতে দুপুর গড়িয়ে গেছে। এখন আর এক মুহুর্ত বাড়ি বসে থাকতে ইচ্ছা হচ্ছে না। বেশ কিছুক্ষন আগে জোহরের আযান হয়েছে। রানা পাচ ওয়াক্ত সলাত মসজিদেই পড়ে। কিন্তু বৃষ্টির যা গতি তাতে মনে হচ্ছে আজ আর মসজিদে যাওয়া হবে না। ঘরের চাল থেকে গড়িয়ে আসা পানি দিয়ে ওযু করে রানা জোহরের সলাত পড়ে নেয়। জোহরের সালাত

পড়ার পর মন চঞ্চল হয়ে ওঠে । চারিদিকে একবার চোখ বুলিয়ে দেখে নেয় কে কোথায় আছে। মা রান্না ঘরে ছিলেন রানা এখুনি বাড়ি থেকে বের হয়ে গেলে তিনি ঘুর্নাক্ষরেও টের পাবেন না। সমস্যা কেবল মিতাকে নিয়ে সে দেখলেই মাকে বলে দেবে। রানা মিতাকে ফাকি দিয়ে চুপি চুপি বাড়ি থেকে বের হয়ে যায়। কিন্তু গাধার মত ভেজাটাই অকারন হল। মাঠে কাউকে পাওয়া গেল না। কেবল মিঠু একা একটা চামড়ার ফুটবল নিয়ে সারা মাঠ দৌড়াদৌড়ি করছে। মিঠু চেয়ারম্যানের ছেলে, তার এক মামা ঢাকায় থাকে। তার মামা তাকে অনেক খেলনা কিনে দেয়। এই ফুটবলটিও হয়তো তার মামা কিনে দিয়েছে।

আমার সাথে খেলবি ? রানাকে দেখেই হাসতে হাসতে বলে ওঠে মিঠু।

রানা নিচু স্বরে বলে ,না।

পাড়ার যে কইজন ছেলে আছে তাদের মধ্যে মিঠুই রানার সব চেয়ে বেশি অপছন্দ। বলতে গেলে প্রায় কথাই হয় না ওর সাথে। মুখ ভার করে রানা ভাবতে থাকে মিতুলের কথা। মিতুল রানার ঘনিষ্ঠ বন্ধু।

প্রতিদিন দুজন একসাথে স্কুলে যায়। সারাদিন একসাথে বন-বাদাড়ে ঘুরে বেড়ায়, নদীতে সাতার কাটে। নদার কথা মনে হতেই রানার মনে হয় পাড়ার সবাই হয়তো নদীতেই খেলছে। সে নদীর দিকে রওয়ানা হয়। সত্যি সত্যিই সবাইকে নদীতে পাওয়া গেল। প্রায় ৮/১০ জন একসাথে হৈ চৈ করে নদীতে গোসল করছে কেউ সাতরে এপার ওপার করছে, কেউবা ডুব দিয়ে লুকোচুরি খেলছে যাদের অনেক সাহস তারা মিঠুদের দো-তালা সমান লম্বা গাছ থেকে লাফিয়ে পানির উপর পড়ছে। একাজ সবাই পারে না একটু অসতর্ক হলেই বিপদ ঘটে যেতে পারে। রানাকে দেখে উপস্থিত সবাই খুশি হয়, মিতুল তো খুশিতে প্রায় নাচানাচি শুরু করে দেয়। সবার সাথে প্রায় আধাঘন্টা ধরে বৃষ্টি আর নদীর পানিতে ভিজে আনন্দ করে রানা। কিন্তু এ আনন্দ বেশিক্ষন স্থায়ী হয় না। গায়ের রং হলুদ হয়ে যায়, হাতের আঙ্গুল গুলো বৃদ্ধ মানুষের মত জড়ো সড়ো হয়ে যায়। সবার কাছ থেকে বিদায় নিয়ে রানা বাড়ি যাওয়ার জন্য রাস্তায় উঠে আসে। পশ্চিম দিক হতে একজনকে রানাদের গ্রামের দিকে হেটে আসতে

দেখা যাচ্ছে। নিশ্চয় এ গ্রামের কারও বাড়ির মেহমান তিনি। একটি মাঝারি আকৃতির ব্যাগ হাতে মাথা নিচু করে ভিজতে ভিজতে পথ চলছে লোকটি। দুর থেকে লোকটাকে সান্টু মামার মত মনে হচ্ছে। সান্টুমামা রানার ছোটমামা। তিনি প্রায়ই তাদের বাড়িতে বেড়াতে আসেন। বছরে দুএকবার অন্যান্য মেহেমনরাও বেড়াতে আসেন কিন্তু ছোটমামা তাদের থেকে আলাদা। অন্যান্য মেহমানরা বেড়াতে আসলে প্যাকেট ভর্তি মিষ্টি নিয়ে আসে আর মামা যেবারই আসেন প্রায় ডজন খানেক বই নিয়ে আসেন। সবাই প্রশ্ন করে

পড়াশুনা কেমন চলছে, রেজাল্ট ভাল করেছ তো ?

আর মামা বলবেন

সলাত পড়িস তো? গত বার যে হাদিসের বই কিনে দিয়েছিলাম সেটা পড়ে শেষ করেছিস ?

রানা এখন পাচ ওয়াক্ত সলাত পড়ে। সলাত না পড়লে মা বকে। মামার দেওয়া বই গুলো কয়েকদিনের মধ্যেই শেষ করে ফেলে। নবীদের

কাহিনী , কোরআনের কথা এসব বই তো কবেই শেষ হয়ে গেছে। স্কুলের পড়ায় একটুও মন বসে না কিন্তু ইসলামী বই পড়তে রানার খুব মজা লাগে। ছোট মামা আসলে কত রকম জ্ঞানের কথা বলেন ঐ লোকটি যদি ছোটমামা হয় তবে কি মজাই না হবে!

একটু কাছাকাছি হতেই মামাকে চিনতে পারে রানা। একলাফে মামার নিকটে যেয়ে বলে

মামা, ভাল আছেন ?

ছোটমামা কিন্তু কোন উত্তর দেন না কেবল চোখ কটমট করে রানার দিকে তাকিয়ে থাকেন। মামাকে ওভাবে তাকাতে দেখে রানা বুঝতে পারে কিছু একটা ভুল হয়ে গেছে নিশ্চয়। অল্প কিছুক্ষন চিন্তা করেই রানা বুঝতে পারে কি ভুল হয়েছে। গত বার মামা কত করে বললেন কাউকে দেখলে প্রথমে সালাম দিতে হয়। রানা খুব লাজুক ভঙ্গিতে বলে

আসসালামু আলইকুম, মামা।

ছোটমামা এবার খুশি হন। সালামের উত্তর দিয়ে হাসতে হাসতে বলেন মনে পড়েছে তাহলে ?

আসলে রানার দোষ নই এ গ্রামের কেউ কাউকে সালাম দেয় না কেবল বলে ভাল আছেন। মামা বলেছেন শুধু ভাল আছেন বললে আল্লাহ অসন্তুষ্ট হন আর সালাম দিলে আল্লাহ খুশি হন। এসব কথা মামা ছাড়া আর কেউ বলে না। তাই মামা চলে গেলেই রানা সব ভুলে যায়।

ছোট মামা বৃষ্টিতে ভিজে একসা হয়ে গেছেন। ঠান্ডার প্রকপে রানার চেয়েও বেশি জোরে কাপছেন। মনে হচ্ছে হাতের ব্যাগটি ধরে রাখতে তার খুব কষ্ট হচ্ছে। রানা মামার হাত থেকে ব্যাগটি নিয়ে বাড়ির দিকে ছুটতে থাকে। ব্যাগটি হাতে নেওয়ার পরই রানা বুঝতে পারে যতটা হালকা মনে হচ্ছিল ততটা হালকা নয় ওটি। ভিতরে নিশ্চয় ভারি কিছু আছে পানিতে ভিজেও ভারি হতে পারে যাই হোক একবার যখন মামার হাত থেকে নিয়েছে তখন বাড়ি পর্যন্ তো নিয়ে যেতেই হবে।

মামা এসেছেন! মামা এসেছেন! বলতে বলতে সজোরে বাড়ির ভিতর ঢুকে যায় রানা। রানার আওয়াজ শুনে মা রান্না ঘর থেকে বের হয়ে আসেন।

বৃষ্টিতে ভেজার কারনে রানার উপর তার যা রাগ হয়েছিল ছোট ভাইকে দেখামাত্র তা বরফের মত গলে যায় কেবল প্রশ্ন করতে থাকেন-

বাড়ি থেকে কখন বের হয়েছিস , বাবা মা কেমন আছে? বৃষ্টিতে ভিজে গেলি কিভাবে ? যেন ছেলের চেয়ে ভাইকে নিয়েই তার বেশি চিন্া।

তড়িঘড়ি করে আপার প্রশ্নের উত্তর দিয়েই ছোট মামা ভিজা ব্যাগটির দিকে মনযোগ দেন। মুখ গোমড়া করে ভিজা কাপড় গুলো একে একে ব্যাগ হতে বের করতে থাকেন। মামাকে দেখে খুবই চিন্তিত মনে হচ্ছে। রানা বুঝতে পারে না কাপড় ভিজে যাওয়াতে মামার এতো মনখারাপ হওয়ার কি আছে রোদে দিলেই তো শুকিয়ে যাবে। কাপড়গুলো সরিয়ে ফেলার পর ব্যাগের একেবারে নিচে পলিথিনে মোড়ান কিছু একটা দেখা যায়। ছোট মামা ছো মেরে সেটাকে হাতে তুলে নেন। উপরের পলিথিনটি কলার খোসার মত খসিয়ে ফেলতেই ভিতর থেকে প্রায় শখানেক বই বের হয়ে আসে। ব্যাগের অন্য সবকিছু ভিজে গেলেও বইগুলো কিন্তু অক্ষতই আছে। বই

গুলোকে অক্ষত দেকে মামা বলেন

আলহামদু লিল্লাহ ! মনে করছিলাম বৃষ্টির পানিতে বইগুলো নষ্ট হয়ে যায় কিনা।

বইগুলো দেখে রানার চোখ কপালে উঠে যায়। খোশ কণ্ঠে বলে ওঠে

এই সব বই আমার জন্য!

ওর খুশি দেখে ছোটমামার খুব ভাল লাগে। দুহাত দিয়ে হাতড়িয়ে খুজে খুজে তিনটি বই বেছে নিয়ে বলেন।

এগুলো ছাড়া আর সব বই তোর জন্য।

এগুলো কার জন্য ? রানা এমনভাবে প্রশ্ন করে যেন ওই তিনটি বইই তার বেশি প্রয়োজন।

-আপা, দুলাভাই আর মিতার জন্য।

ছোটমাামা মিতার জন্য বই নিয়ে এসেছে শুনে রানা ভীষন অবাক হয়, হাসতে হাসতে বলে

-মিতা কি পড়তে পারে নাকি!

-পারে না , শিখবে। বলতে বলতে মিতার জন্য নিয়ে আসা বইটি রানার হাতে তুলে দেন ছোট মামা।

রানা দেখে বইটি অসম্ভব সুন্দর। ফুল, ফলের মাঝে মাঝে আরবী লেখা। মামা নিশ্চয় এবার মিতাকে আরবী পড়তে শেখাবে। রানা যখন ছোট ছিল তখন একবার মামা এমন একটি বই কিনে এনেছিলেন। সেবার মামা প্রায় দ'মাস ছিলেন। দু'মাসের মধ্যে রানাকে আরবী পড়তে শিখিয়ে দিয়েছিলেন। রানা সেই থেকে প্রতিদিন সকালে কোরআন পড়ে। একদিন না পড়লেই মা বকেন। বলেন,

না পড়লে ভুলে যাবি যে।

এবারও মামা অনেকদিন থাকবেন। রানার আনন্দ যেন তিনগুন হয়ে যায়।

বিকালেও রিমঝিম করে বৃষ্টি পড়ছিল। মা পিঠা তৈরী করছিলেন আর মামা রানাকে গল্প শোনাচ্ছিলেন।

যখন পৃথিবীতে কোন মানুষ ছিলনা তখন আল্লাহ আদম ও হাওয়া নামে দু'জন মানুষ সৃষ্টি করলেন। তাদের বললেন তোমরা জান্নাতে বাস

কর। জান্নাত খুব সুখের জায়গা। সেখানে নদী আছে, গাছ আছে, গাড়ি বাড়ি সব আছে। আর কত রকম ফলমুল আছে। আদম আর হাওয়াকে আল্লাহ বললেন তোমরা সব ফল খাবে শুধু একটি ফল খেতে পারবে না। কিন্তু ইবলিস শয়তান তাদের সেই ফল খেতে বলল। তারা ইবলিসের ধোকায় পড়ে আল্লাহর হুকুম অমান্য করল। আল্লাহ তাদের জান্নাত থেকে বের করে দিলেন। বললেন তোমরা দুনিয়াতে থাক। যদি তোমরা আমার আদেশ মত চল তবে তোমাদের আবার জান্নাতে প্রবেশ করাব। আর যদি তোমরা ইবলিশ শয়তানের কথা শুনে আমার হুকুম অমান্য কর তাহলে তোমাদের জাহান্নামের আগুনে জ্বলতে হবে। জাহান্নামের আগুনের তাপ দুনিয়ার আগুনের ৭০ গুন বেশি। যে জাহান্নামে যাবে তাকে গরম পানি খেতে দেওয়া হবে, সাপ বিচ্ছু আরও কত রকম পোকামাকড় তাকে কামড়াবে। তার খুব কষ্ট হবে।

কাহিনী শুনতে শুনতে সন্ধা হয়ে যায়। মাগরিবের আযান হয়। তখনও দু'এক ফোটা বৃষ্টি পড়ছিল। ছোট মামা রানাকে সাথে নিয়ে একটা ছাতি হাতে

মসজিদে চলে যান। মসজিদ থেকে ফিরে আবার গল্প শুরু করেন। আজ আর স্কুলের পড়া করতে হবে না। মামা বলেন -

স্কুলে পড়ে কি লাভ! স্কুলে তো শুধ্ গল্প কবিতা পড়ান হয়। ওখানে কি কোরআন হাদীস শেখান হয়? রবীন্দ্রনাথের কবিতা, মাদার তেরেসার জীবনী এসব হিন্দু খৃষ্টানদের লেখা পড়ে মুসলিমদের কি দরকার?

অনেক রাতে বাবা বাড়ি ফিরলেন। বাড়ি ফিরেই ছোটমামার সাথে সারা দুনিয়ার আলোচনা শুরু করলেন। রানা কিছুক্ষন বসে বসে তাদের আলোচনা শুনছিল। মামা যখন রানার সাথে কথা বলে তখন মামার কথা খুব মজা লাগে কিন্তু বাবার সাথে কথা বলার সময় মামার কথা একটুও বোঝা যায় না। বাবা ছোট মামাকে মওলানা সাহেব বলে ডাকেন। যে কেউ দেখলে মামাকে মওলানাই মনে করবে। তার মত লম্বা জামা রানার আব্বা আর ইমাম সাহেব ছাড়া এ গ্রামের কেউ পড়ে না। স্কুলের হেড স্যার অবশ্য পড়েন। তিনিও খুব ভাল লোক। রানাকে খব ভালবাসেন। ক্লাসে আসলেই ইসলাম সম্পর্কে বিভিন্ন

প্রশ্ন করেন। রানা ছাড়া আর কেউ সেসব প্রশ্নের উত্তর দিতে পারে না। ক্লাসের আর কেউ কি রানার মত ইসলামের বই পড়ে! তারা তো কেবল গোপাল ভাড় আর ঠাকুরমারঝলা পড়ে। এসব বই পড়া দেখলে হেড স্যার ভীষণ রেগে যান। একবার এক ছেলে ক্লাসের মধ্যে গোপাল ভাড়ের গল্প পড়ছিল পড়তে পড়তে হাসি চেপে রাখতে না পেরে হিস হিস করে হেসে ফেলে, স্যার তাকে গরুর মত পিটিয়েছিলেন তার বইটি ছিড়ে দশ টুকরো করে ফেলেছিলেন।

-বাবার সাথে কথা বলতে বলতে মামা বললেন।

আমি এবার মিতাকে আরবী পড়তে শেখাব আর রানাকে আরবী ব্যাকারন শেখাব। রানা আরবী পড়তে পারে কিন্তু আরবী ভাষা বোঝে না, আরবী ব্যাকারন শিখলে সে আরবী ভাষা বুঝতে পারবে। আল্লাহ কোরআনের ভিতর কি বলেছেন তা জানতে পারবে। আরবী বুঝলে রানা মওলানা হয়ে যাবে। মামার কথা শুনে রানার বাবা খুব খুশি হলেন। রানাকে ডেকে বললেন

তোমার মামা এবার অনেকদিন থাকবেন। তোমাকে আরবী ব্যাকারন শেখাবেন। তুমি কাল থেকে স্কুলে যাবে না। মামার কাছে মনযোগ দিয়ে আরবী ব্যাকারন শিখবে।

কিন্তু বাবা, স্কুল কামায় করতে হলে তো অবিভাবকের সাক্ষর সহ দরখাস্ করতে হবে।

রানার কথা শুনে বাবা ছোটমামার দিকে ফিরে তাকিয়ে বললেন-

তাহলে তুমিই একটা দরখস্ লিখে ফেল আমি কাল সকালে সাক্ষর করে দেব।

রাতের খাবার খেয়ে মামা দরখাস্ লিখতে বসলেন। প্রথমেই আরবীতে বিসমিল্লাহির রাহমানির রাহীম লিখলেন। তারপর লিখলেন-

বরাবর,
প্রধান শিক্ষক
পায়রাগাছি মাধ্যমিক বিদ্যালয়

বিষয়ঃ জ্ঞান অর্জনের জন্য ছুটির আবেদন।

জনাব,

যথাবিহিত সম্মান প্রদর্শন পুর্বক নিবেদন এই যে, আমি আপনার বিদ্যালয়ের ৬ষ্ঠ শ্রেনীর একজন নিয়মিত ছাত্র। সম্প্রতি আমার ছোটমামা আমাদের বাড়িতে বেড়াতে এসেছেন। আমার বাবার একান্ ইচ্ছা যে, আমি তার নিকট জ্ঞান শিক্ষা করি। এজন্য আমার পুরো একমাসের লম্বা ছুটির প্রয়োজন।

অতএব একমাসের ছুটি মঞ্জুর করিতে আপনার মর্জি হয়।

ইতি
মোঃ রায়হানূল ইসলাম রানা
শ্রেনী ৬ষ্ঠ
রোল ঃ ৭২

সকালে বাবা দরখাস্টিতে সাক্ষর করে দিলে রানা সেটি নিয়ে স্কুলে চলে যায়। ঘন্টা পড়ার বেশ

কিছুক্ষন পর বাংলা স্যার কাসে আসেন। হাতির মত বড় শরীরটি চেয়ারের উপর এলিয়ে দিয়ে কলুর বলদের মত ঝিমুতে থাকেন তিনি। এই স্যারের নাম কলীমুদ্দিন পরিচিত সবাই তাকে পচা বলে ডাকে। ছোটবেলায় তার নাকি সারা গায়ে পচড়া হয়েছিল সেই থেকেই গ্রামে তার নাম পড়ে যায় পচা। কলীম স্যার টেবিলে বসে কিছুক্ষন ঝিমিয়ে নিয়ে ছাত্রদের নাম ডাকা শুরু করলেন। তার চোখ দুটি টস টস করছে। নাম ডাকা শেষ হলেই টেবিলে মাথা দিয়ে ঘুমিয়ে পড়বেন। এটা তার চিরদিনের অভ্যাস। সবাই বলে তিনি নাকি সারা রাত টি,ভি দেখেন। রানা দরখাস্টি পকেট থেকে বের করে তৈরী হয়ে নেয়। ওটি প্রথমে কলীম স্যারকেই দেখাতে হবে। স্যার ঘুমিয়ে গেলে ঘন্টা পড়ার আগে তার ঘুম না ভাঙার সম্ভবনাই বেশি। নাম ডাকা শেষ হলেই তড়ি ঘড়ি করে দরখাস্টি টেবিলের উপর রেখে পাশে দাড়িয়ে অপেক্ষা করতে থাকে সে। স্যার কাগজটি তুলে নিতে নিতে বললেন

ছুটির দরখস্ নাকি ?

জি স্যার। প্রায় সঙ্গে সঙ্গেই উত্তর দেয় রানা।

স্যার গভীর মনোযোগ দিয়ে পড়তে থাকেন দরখাস্টি। অন্য কোন দরখস্তই তিনি এতো মন দিয়ে পড়েন না কেবল চোখ বুলিয়ে নিয়েই সাক্ষর করে দেন। রানা লক্ষ করে স্যার যতই পড়ছেন ততই তার মুখের রং লাল হয়ে যাচ্ছে। বোধহয় তিনি রেগে যাচ্ছেন। কলীম স্যার রেগে গেলে ভীষন মারেন। এ স্কূলে লাঠি দিয়ে মারা নিষেধ। বিশেষ প্রয়োজনে হেড স্যারের কাছ থেকে লাঠি নেওয়া যায়। কলীম স্যার হাত দিয়ে মারেন। তার হাত প্রায় হাতুড়ির মত কাজ করে। রানা একটু সরে দাড়ায় এই সাত সকালে মোটা লোকটার হাতে মার খাওয়ার কোন ইচ্ছাই নেই তার। কিছুক্ষন পরই স্যার সিংহের মত গর্জে উঠলেন। হাতের কাগজটি ছিড়তে ছিড়তে বললেন

জ্ঞান অর্জনের জন্য স্কূল থেকে ছুটির আবেদন! তবে কি স্কূলে ঘাস কাটা শেখান হয় ? এই এদিকে আই ।

রানা কিন্তু স্যারের দিকে এগিয়ে যায় না। যেখানে

ছিল সেখানেই দাড়িয়ে থাকে। তাকে ওভাবে দাড়িয়ে থাকতে দেখে স্যার আরও বেশি রেগে যান। মিঠুকে বলেন হেড স্যারের কাছ থেকে লাঠি আনতে। রানার প্রান শুকনো পাতার মত শুকিয়ে যায়। সে ভাবতে থাকে এ দরখাস্তে এমন কি আছে যাতে এতো রাগ হতে পারে। কোরআন হাদীসের জ্ঞানই তো প্রকৃত জ্ঞান স্কুলে কি সেসব শেখান হয়। স্কুলে তো কেবল গল্প কবিতা পড়ান হয় এসব কি জ্ঞান নাকি! এর মধ্যে মিঠু খালি হাতে ফিরে আসে। মুখ ভার করে স্যারের দিকে তাকিয়ে বলে।

হেড স্যার বললেন পচাকে আমার কাছে আসতে বল।

মিঠুর কথা শুনে রাগ আর অপমানে স্যার পাকা টমেটোর মত লাল হয়ে যান। হাতের ছেড়া কাগজগুলো ছুড়ে ফেলে গজগজ করতে করতে ক্লাস থেকে বের হযে পড়েন। স্যার ক্লাস থেকে বের হওয়া মাত্র ক্লাসের ছাত্ররা সবাই হো হো করে হেসে ওঠে। মিঠুও বুঝতে পারে কি ভীষণ বোকামী হয়েছে। হেড স্যার কথাটি যেভাবে বলেছেন মিঠু কলীম স্যারকে

সেভাবেই শুনিয়ে দিয়েছে। ভাগ্য ভাল বলেই স্যার তাকে কিছুই বলেননি। এখনও পুরোপুরি বিপদ কাটেনি স্যার যে ফিরে এসেও তাকে দুচার কিল কষিয়ে দেবেন না তা নিশ্চিত করে বলা যায় না।

রানা ছেড়া টুকরো গুলোর মধ্যে থেকে বিসমিল্লাহ লেখা কাগজগুলো বেছে নিয়ে পকেটে রাখে। কলীম স্যার এই দরখাস্টি ছিড়ে ঠিক করেন নি এতে বিসমিল্লাহ লেখা ছিল। বিসমিল্লাহ আল্লাহর বানা। মামা বলেছেন কোথাও আরবী লেখা পড়ে থাকতে দেখলে তুলে নিবি তারপর চুলোর ভিতর পুড়িয়ে দিবি। আরবীতে আল্লাহর বানী লেখা হয়। যে আল্লাহর বানীকে সম্মান করবে আল্লাহ তাকে সম্মান করবেন আর যে আল্লাহর বানাকে অসম্মান করবে আল্লাহও তাকে অসম্মান করবেন। কলীম স্যারকেও আল্লাহ ভীষন অপমানিত করবেন।

কাগজের টুকরো গুলো উঠিয়ে নিয়ে পকেটে রাখতেই কলীম স্যার ক্লাসে প্রবেশ করেন তার ঠিক পিছনে রয়েছেন হেড স্যার। তার হাতে গাছের ডালের সমান মোটা একটি লাঠি। রানা ভাবে হেড স্যার আজ

নিশ্চয় বারোটা বাজিয়ে ছাড়বেন।

কই দেখি কি লিখেছে বলতে বলতে চেয়ারে বসে পড়েন হেড স্যার। কলীম স্যার প্রায় সাথে সাথেই উবু হয়ে বসে কাগজের ছেড়া টুকরো গুলো তুলে নিয়ে টেবিলের উপর সাজাতে থাকেন। তার হাতের সবগুলো টুকরো ফুরিয়ে যাওয়ার পরও দরখস্টি পুরো মিলাতে পারলেন না। উপরের দিকের দু'একটি টুকরো পাওয়া যাচ্ছে না। বাজখায় গলায় প্রশ্ন করলেন

এখান থেকে কেউ কাগজ নিয়েছিস ?

পিছনের বেঞ্চ থেকে মিঠু বলে

স্যার, রানা নিয়েছে, ওর পকেটেই আছে।

স্যার নিশাচর পাখির মত জ্বল জ্বলে চোখে তাকান রানার দিকে। রানা পকেট থেকে দুটি টুকরো বের করে দেয় স্যারের হাতে। স্যার সেগুলো নিয়ে টেবিলের উপর সাজানো দরখস্টির ফাকা স্থানে রাখতে রাখতে বললেন

কেমন বেয়াদব ছেলে দেখেছেন স্যার !

হেড স্যার কিছুই বলেন না কেবল মাথা উচু করে দেখার চেষ্টা করেন নতুন কাগজগুলোতে কি লেখা আছে। যখন দেখলেন সেখানে আরবীতে বিসমিল্লাহ লেখা রয়েছে সিংহের মত গর্জে উঠলেন

এই..... তুমি এ কি করেছ? তুমি বিসমিল্লাহ লেখা কাগজ ছিড়ে মাটিতে ফেলে দিয়েছ ! তোমার স্পর্ধা তো মন্দ নই। হাতের লাঠিটি নাড়িয়ে নাড়িয়ে এমনভাবে কথাটি বলতে থাকেন যেন যে কোন মুহূর্তে কলীম স্যারকে তিনি লাঠি পেটা করবেন। হেড স্যারের অগ্নিমুর্তি দেখে কলীম স্যারের প্রান বায়ু তরল হয়ে যাওয়ার উপক্রম হয়। প্রায় কাদো কাদো হয়ে বলেন-

আমি কি জানতাম ওখানে বিসমিল্লাহ লেখা আছে, আমি কি আরবী পড়তে পারি।

তার কথা শুনে আরও রেগে যান হেড স্যার।

তুমি যদি আরবী নাই পড়তে পার তবে রানাকে প্রশ্ন করে জেনে নিলে না কেন?

কলীম স্যার আর কোন কথা খুজে পেলেন না কেবল বললেন-

দরখাস্তে কি লেখা আছে পড়েছেন ? জ্ঞান অর্জনের জন্য একমাসের ছুটির আবেদন। স্কুলে কি জ্ঞান শিক্ষা দেওয়া হয় না!

কচু শেখান হয়। একবার বুঝে দেখ যেখানে শিক্ষকরাই আরবীতে বিসমিল্লাহ পড়তে পারে না শেখানে কিই বা শেখান হতে পারে। যেসব শিক্ষকরা সলাত পড়ে না, কোরআন পড়েনা, মুখে দাড়ি রাখেনা তাদের কাছে জ্ঞান শিক্ষা করা আর বাওয়া ডিমে তাওয়া দেওয়া সমান কথা। হেড স্যার আরও কি কি যেন বললেন এমনিতেই তার বয়স অনেক আর রেগে গেলে তার কথা একেবারেই বোঝা যায় না। রানা অনেক চেষ্টা করে কেবল বুঝতে পারে হেড স্যার তার কথার মধ্যে কলীম স্যারকে কয়েক বার গাধা বলে গালি দিলেন। কলীম স্যার কিছুই বললেন না। তিনি হেড স্যারের কথা বুঝতে পেরেছেন কি না বোঝা গেল না। যখন ঘন্টা বেজে উঠল তখন তিনি চোখ ডলতে ডলতে ক্লাস রুম থেকে বের হয়ে

গেলেন আজ আর তার ঘুমান হল না।

পরের ক্লাসে হেড স্যার এসে রানাকে বললেন

সামনে পরীক্ষা, এখন এক মাসের ছুটি দেওয়া যাবে না। তুমি বরং প্রতিদিন স্কুলে আসবে প্রথম আর দ্বিতীয় ক্লাস পর বাড়ি চলে যাবে। তোমার মামা তোমাকে যা কিছু শিক্ষা দেন ক্লাসের অন্যদের তা শেখাবে।

হেড স্যারের কথায় রানা সম্মত হয়। তার কথায় রাজী না হয়ে কোন উপায়ও নেই। সেদিনই ২য় ক্লাস পর সে হেটে বাড়ি চলে যায়। রানা মিতুলের সাথে স্কুলে আসে। মিতুলের সাইকেল আছে। ওর সাথে আসলে সাইকেলে আসা যায়। ছুটির পর গেলে মিতুলের সাইকেলে চড়ে বাড়ি ফেরা যায়। কিন্তু এখন রানাকে প্রতিদিন বাড়ি ফেরার সময় হেটে যেতে হয়। মিতুল তো আর ২য় ক্লাস পর বাড়ি যায় না। রানার এতে মন খারাপ হয় না। আরবী শিখতে হলে এতটুকু কষ্ট করতে হয়।

২. বিড়াল

বাড়ি ফিরতেই মামা রানাকে ১০ টি আরবী শব্দের বাংলা মুখস্ করতে বলেন। রানা সেগুলো পড়তে থাকে। শব্দগুলো প্রায় তখনি মুখস্ হয়ে যায় তার। কেবল একটা শব্দ কিছুতেই মুখস্ হচ্ছে না যত বারই পড়ছে কেবলই ভুলে যাচ্ছে। হির্‌রা মানে যে বিড়াল বার বার মনে রাখার চেষ্টা করেও মনে থাকছে না। মাগরিবের সলাতের পর মামার কাছে পড়া দিতে যেয়ে আবার ভুল হয়ে গেল। কেবল এটি ছাড়া আর সব পড়াই রানা হুবহু বলে দেয়। রানা মামাকে বলে সকাল থেকে এই শব্দটি মুখস্ করার কত চেষ্টা সে করেছে। মামা তার উপর রাগ করলেন না বললেন,

তোমাকে আমি একটা গল্প শোনায় তাহলে ওটিও মুখস্ হয়ে যাবে।

এক গায়ে হারুন নামে এক ছেলে ছিল। তাকে সবাই হারু বলে ডাকত। তার একটা হির্‌রা মানে বিড়াল ছিল। হারুর সেই হিররা একদিন হারিয়ে

গেল। হারু হয়রান হয়ে সেই হারানো হির্‌রা খুজতে খুজতে বনে চলে গেল। শেষে এক হরিনের গর্তে হির্‌রাটি পাওয়া গেল। হারানো হির্‌রা ফিরে পেয়ে হারু ভীষন খুশি হয়ে হির্‌রাটির গলায় একটা হার পরিয়ে দিল।

গল্পটি শেষ করে মামা রানার দিকে তাকিয়ে বললেন এবার বলত হির্‌রাহ মানে কি ?

মামা প্রশ্ন করার সাথে সাথেই রানা বলে উঠল হিররা মানে বিড়াল। মামা বললেন

এই তো হয়েছে।

তারপর মামা রানাকে আরও ১০ টি শব্দ মুখস্ করতে দিলেন।

সেদিন স্কুলে যেয়ে এক মজার কান্ড ঘটল। প্রথম ক্লাসের ঘন্টা পড়তেই ইসলাম শিক্ষার স্যার ক্লাসে আসলেন। তড়িঘড়ি করে নাম ডেকে নিয়েই বললেন

আজ তোমাদের বাংলা স্যার স্কুলে আসেন নি। তিনি অসুস্থ। তার ক্লাস আজ আমিই নেব। তোমরা কি

সবাই রাজী আছো?

সবাই সম্মাতি জানালে স্যার আলোচনা শুরু করলেন। বাংলা, অংক, ইংরাজী, প্রায় সব বিষয়েই তিনি কথা বললেন। কথা বলতে বলতে একসময় প্রায় অপ্রাসঙ্গিক ভাবেই ইদুরের উপদ্রব ও তার প্রতিকারে বিড়ালের প্রসংসিত ভুমিকা সম্পর্কে লম্বা আলোচনা করে ছাত্রদের দিকে তাকিয়ে বললেন

কার কার বাড়িতে বিড়াল আছে হাত তোল।

চেয়ারম্যানের ছেলে মিঠু ছাড়া আর কেউ হাত তুলল না। মিঠুদের বিড়াল আছে। পটু নামের একটা পোষা কুকুরও আছে। মিঠুকে রাগাতে হলে কিছু নই, শুধু পটু বলে ডাকলেই হল, অমনি ব্যাঙের মত ফুলে যাবে। ওদের বিড়ালটিরও একটা নাম আছে। রানা জানে না। ও তো আর মিঠূদের বাড়িতে যাতায়াত করে না। যারা ওদের বাড়ি যায়, তারা জানে।

মিঠূদের বাড়িতে বিড়াল আছে শুনে স্যার খুব খুশি হলেন। ছাত্রদের বললেন কোথাও কোন বিড়ালের বাচ্চা পেলে ধরে নিয়ে আসতে। স্যারের বাড়িতে

নাকি প্রচন্ড ইদুরের আক্রমন। ফাদ পেতে, বিষ মাখা খাবার দিয়ে অনেক চেষ্টা করেছেন কিন্তু ইদুরের সংখ্যা দিন দিন বেড়েই চলেছে। পরদিনই হাবলু একই বয়সের প্রায় ৪/৫ টি বাচ্চা নিয়ে হাজির হল। হাবলুদের বিড়ালটির একসাথে ৬ টি বাচ্চা হয়েছিল। দুটি মারা গেছে। স্যার বাচ্চা নেবে শুনে হাবলুর মা সব গুলো বাচ্চা বাস্নায় ভরে পাঠিয়ে দিয়েছে। বাচ্চাগুলো তাদের খুব জালিয়েছে। দিনরাত কেবল মিউ মিউ করে ডাকে। স্যার ভাল করে দেখে মোটা সোটা একটা বাচ্চা বেছে নিলেন। বাকি বাচ্চাগুলোও কয়েকজন ছাত্র ভাগাভাগি করে নিল। তারপর থেকে বেশ কয়েকদিন ইসলাম শিক্ষার স্যারের সাথে দেখা হয়নি রানার। তার ক্লাস টিফিনের পর আর রানা তো দ্বিতীয় ক্লাস পরই বাড়ি চলে যায়। তার সাথে দেখা হবে কিভাবে! হঠাৎ একদিন ইসলাম শিক্ষার স্যারকে আবার প্রথম ক্লাসে দেখা গেল। তার হাতের বাস্নার ভিতর থেকে মিউ মিউ ডাক শোনা যাচ্ছিল। কয়েকদিন আগে যে বিড়াল স্কুল থেকে নিয়ে গিয়েছিলেন তাকে তিনি আবার ফিরিয়ে এনেছেন। ক্লাসে ঢুকেই বিভিন্ন ভাষায় বিড়ালটির তিরষ্কার

করলেন কয়েকবার গলিও দিলেন। বিড়ালটি নাকি তাকে খুব ভুগিয়েছে। একটু বড় হওয়ার পর থেকেই ইদুর খাওয়ার বদলে ভাজা মাছ আর রান্না মাংস খেয়ে সাবার করতে থাকে। কাথা বালিশ আর ধান চালের ভিতর পায়খানা করে। স্যার বাস্টি একরকম টান দিয়ে ফেলতে ফেলতে বললেন

এই হাবলু এটা নিয়ে যা।

হাবলু তড়িঘড়ি করে বস্টি নিয়ে নিল। তাকে দেখে স্পষ্টই বোঝা গেল বিড়ালটি ফেরত পেয়ে সে মোটেও খুশি হয়নি। ক্লাসের অন্য যাদের বিড়াল পোষার সখ ছিল তাদের সখও মিটে গেছে। এখন এই বিড়ালটি কেউ নেবে না। কি আর করা হাবলু হেড স্যারকে বলে বইপত্র আর বিড়ালের বাস্টি নিয়ে তখনই বাড়ি চলে গেল। রানা পরে শুনেছিল হাবলু বাস্সহ বিড়ালটি রাস্তার পাশে একটি ঝোপের মধ্যে ফেলে গিয়েছিল। স্কুলের ছাত্ররা ফেরার পথে বিড়ালের ডাক শুনে ঝোপের মধ্যে থেকে খুজে বের করে বিড়ালটি ছেড়ে দেয়। পরে বিড়ালটি স্যারের বাড়ি ফিরে গিয়েছিল কিনা তা কেউ

বলতে পারে না। তবে স্যারের মুখে আর কখনও বিড়ালের প্রসংসা শোনা যায় নি।

বিকালে মিতুলের সাথে এদিক সেদিক ঘোরাঘুরি করতে করতে মাগরিবের আযান হয়ে যায়। রানা তাড়াতাড়ি মসজিদের দিকে রওয়ানা হয়। সলাত পড়তে রানার খ্ব ভাল লাগে। যখন মন খারাব হয় তখনই আল্লাহর কথা স্বরন হয় সলাত আর কোরআন পড়তে ইচ্ছা হয়। মিতুল কিন্তু এখনও সলাত পড়ে না। রানা তাকে অনেক করে বুঝিয়েছে কিন্তু সে শোনে না। কেবল বলে বড় হলে পড়ব। রানা মনে মনে ভাবে একদিন তাকে ছোট মামার কাছে নিয়ে যাবে মামার কথা শুনেও যদি সে সলাত না পড়ে তবে তার সাথে আর খেলবে না। তার সাথে ঘুরা ঘুরিও করবে না।

মিতুলের মনও আজ ভাল নেই। দুপুরে খাওয়ার সময় মাছের মাথা কে খাবে তাই নিয়ে ছোট ভায়ের সাথে ভীষন বিতর্ক শুরু হয়ে যায়। রেগে মেগে মিতুল তাকে বেদম পিটিয়েছে। বাবার কাছে নালিশ দিলে আজ নিশ্চিত বাড়ি ছাড়া হতে হবে। তার বাবা

একটি বেসরকারী চাকুরী করেন। তিনি সন্ধার পরই বাড়ি ফিরে আসেন। এখন বাড়ি ফিরে যেতে মিতুলের মোটেও ইচ্ছা করছেনা। বাবা ঘুমিয়ে যাওয়ার আগ পর্যন্ বাড়ি ফেরা মোটেও নিরাপদ নই। একা একা এদিক সেদিক ঘুর ঘুর করার চেয়ে রানার সাথে মসজিদে যাওয়াই ভাল এরকম মনে করে মিতুলও রানার সাথে সলাত পড়তে রওয়ানা হয়। ছোট মামাও মসজিদে ছিলেন। সলাতের পর দুজনকে নিয়ে মসজিদের এক কোনে বসে কোরআন হাদিসের বিভিন্ন কথা শোনাতে লাগলেন।

আল্লাহ আমাদের সৃষ্টি করেছেন তিনি এই আকাশ বাতাস সব কিছুর মালিক। তিনি আকাশ থেকে বৃষ্টি দেন গরমের দিন বাতাস দেন। ফল ফুল খাবার পানি সব কিছুই তার সৃষ্টি তিনি সৃষ্টি না করলে আমরা কিছুই খেতে পারতাম না। তিনি আমাদের সৃষ্টি করেছেন যাতে আমরা তার হুকুম মেনে চলি। তার কথামত চললে তিনি আমাদের জান্নাতে দেবেন। জান্নাত খুবই সুখের জায়গা। সেখানে কত রকমের খাবার আর ফল মুল আছে, পাখা ওয়ালা ঘোড়া

আছে। লম্বা লম্বা বাড়ি আছে। যে জান্নাতে যাবে সে সুখে থাকবে। আল্লাহ বলেছেন সলাত পড়তে, কোরআন পড়তে এছাড়া আরও অনেক কিছু করতে বলেছেন। যে আল্লাহর সব হুকুম মেনে চলবে আল্লাহ তার ওপর খুশি হবেন। তাকে তিনি জান্নাতে সুখে রাখবেন। আর যে সলাত পড়বে না কোরআন পড়বে না আল্লাহর হুকুম মেনে চলবে না তাকে তিনি জাহান্নামে দেবেন জাহান্নাম ভীষন খারাপ জায়গা। সেখানে কেবলই আগুন। সেই আগুনে সারা শরীর পুড়ে যাবে সাপ বিচ্ছুতে কামড়াবে। সেখানে শুধু তিতো আর লম্বা লম্বা কাটা ওয়ালা ফল খেতে দেওয়া হবে। সেই ফলের নাম জাক্কম। সেখানে পুজ,রক্ত আর নোংরা জিনিস খাওয়ান হবে। যে জাহান্নামে যাবে তার ভীষন কষ্ট হবে। জাহান্নাম থেকে বাচতে হলে দুনিয়াতে কষ্ট করে চলতে হবে।

রানার মামার কথা মিতুলের খুব ভাল লাগে। এমন কথা কেউ বলে না। সকলে কেবলই দুনিয়ার কথা বলে, পড়াশুনা আর চাকুরীর কথা বলে। মুত্যুর পর আখিরাতে কি হবে সেসব কথা কেউ বলে না। রানার

ছোটমামার কথা শুনে মিতুলের মনে হয় পড়াশুনা করার চেয়ে সলাত আর কোরআন পড়া বেশি দরকার। চাকুরী না হয় না হক কিন্তু জাহান্নামে যাতে যেতে না হয় সে কাজ করতে হবে। সে মনে মনে বলে আমি আর কখনও সলাত ত্যাগ করব না। সত্যি সত্যিই মিতুল সেদিন থেকে সলাত পড়ে। সান্টু মামা রানাকে যেসব আরবী শেখায় সেগুলো মুখস্ করে। মামা যখন মিতাকে আরবী অক্ষর শেখায় তখন মিতুলও শেখে। সে আরবী পড়তে পারেনা। তার বাবা মা তাকে কেবল ইংরাজী শিখতে বলে। ছোট মামা তাকে বুঝিয়ে বলেন

আরবী শিখলে আল্লাহ সন্তুষ্ট হন, জান্নাত পাওয়া যায়। প্রতিটি অক্ষরে সওয়াব হয়। আর ইংরাজী শিখলে সওয়াব হয় না। ইংরাজী শিখলে চাকরী পাওয়া যায়। চাকুরীর চেয়ে জান্নাত বড়।

মিতুল এখন প্রায় সারাদিনই রানাদের বাড়িতে থাকে। ২য় ক্লাস পর রানার সাথে বাড়ি চলে আসে। রানা এখন মিতুলের সাইকেলে আসতে পারে। তার খুব সুবিধা হয়েছে। তারপর দুপুরের খাওয়ার সময়

ছাড়া আর বাড়ি যায়না। মাঝে মাঝে রানাদের বাড়িতেই দুপুরের খাবার খায়। রানার মা খুব ভাল। তিনি পাড়া প্রতিবেশীদের সাথে ভাল ব্যাবহার করেন। একদিন স্কুল থেকে বাড়ি এসে দেখা গেল ছোটমামা বাড়িতে নেই। বেশ কিছুক্ষণ আগে তিনি বাজারে গেছেন। মামার জন্য অপেক্ষা করতে করতে দুজনে বিভিন্ন রকম আলোচন করে। হঠাৎ মিতূল সুরেলা কণ্ঠে গান ধরে। রানা তাকে থামিয়ে বলে

গান গাওয়া শুনলে মামা কিন্তু ভীষণ রেগে যাবে। পারলে একটা গজল গা দেখি।

মিতূল সত্যি সত্যিই একটা গজল শুরু করে

তোমার সৃষ্টি যদি হয় এতো সুন্দর
না জানি প্রভু তুমি কত সুন্দর, কত... সুন্দর

মিতুল একমনে গজল গাইতে থাকে আর রানা তন্ময় হয়ে শুনতে থাকে। মিতূলের গাওয়ার গলা খুবই সুন্দর কোথাও একটু বসলেই কেবল গান গায়। স্কূলে এসেম্বিলিতে প্রায় প্রতিদিন জাতীয় সঙ্গিত গাওয়ার জন্য স্যার মিতুলকে ডাকে। গজলটি গাওয়া

শেষ করেই মিতুল জাতীয় সঙ্গিত গাওয়া শুরু করে। আর ঠিক সে সময় ছোটমামা বাজার থেকে ফিরে আসেন। মামার গলার আওয়াজ শুনেই সবাই চুপ হয়ে যায়। মায়ের হাতে বাজারের ব্যাগ তুলে দিয়েই মামা সালাম দিয়ে ঘরে প্রবেশ করেন। চেয়ারে বসতে বসতে বলেন

খুব সুন্দর কণ্ঠে গান গাচ্ছিল কে ?

মিতুলের দিকে ইশারা করে রানা বলে

ও জাতীয় সঙ্গিত গাচ্ছিল।

মনে হল জাতীয় সঙ্গিতের কথা শুনে মামা বেজার হলেন। গম্ভীর স্বরে বললেন

জাতীয় সঙ্গিত মানে আমার সোনার বাংলা তো ?

রানা হ্যা সুচক মাথা নাড়ে। মামা বলেন

-ওটা গাওয়া যাবে না। ওতে ভুল লেখা আছে।

মিতুল খুব অবাক হয়ে বলে

-ওতে কি ভুল আছে মামা?

মামা ওর কথার উত্তর না দিয়ে বলেন

-তুই আর একবার গা দেখি।

মিতুল শুরু করে

আমার সোনার বাংলা আমি তোমায় ভালবাসি
চিরোদিন তোমার আকাশ তোমার বাতাস ...

এতদুর বলতেই মামা মিতুলকে থামিয়ে বলেন এদেশকে ভালবাসা যাবে না কারন এখানে ইসলামী আইন চলেনা। কোরআন হাদীস দিয়ে বিচার হয় না। এখানে মানুষের তৈরী আইন দিয়ে বিচার হয়। আল্লাহ বলেছেন চোরের হাত কেটে দিতে এখানে তা করা হয় না এদেশে চোরকে জেল দেওয়া হয়। আমরা মুসলিম, সারা পৃথিবী আমাদের জন্মভুমি। যে দেশে আল্লাহর আইন চলে না সে দেশকে আমরা ভালবাসি না আর যে দেশে আল্লাহর আইন দিয়ে বিচার হয়, কোরআন হাদীস মেনে চলা হয় সে দেশকে আমরা ভালবাসি। সে দেশ দুরে হক আর কাছে হক, ছোট হক আর বড় হক। আর এই যে তুই বললি চিরোদিন তোমার আকাশ তোমার বাতাস

.. এই আকাশ বাতাস তো আল্লাহর, বাংলাদেশের হতে যাবে কেন ? এমন কথা বলা তো খুব বড় পাপ। আরও শোন এই জাতীয় সঙ্গিত কে লিখেছে জানিস ?

মিতুল মাথা নাড়ে। সে জানে না। মামা রানার দিকে তাকান রানা বলে

ররিন্দ্রনাথ ঠাকুর।

মামা এবার মিতুলের দিকে তাকিয়ে বলেন।

রবিন্দ্রনাথ ঠাকুর হিন্দু ছিল না মুসলিম ছিল?

মিতূল এবার সঠিক উত্তরই দেয়।

- রবিন্দ্রনাথ হিন্দু ছিল সেতো সবাই জানে।

মামা বলেন একজন হিন্দুর লেখা গান মুসলিমদের জাতীয় সঙ্গিত হয় কিভাবে? যারা এটাকে জাতীয় সঙ্গিত বলবে তারাও হিন্দু হয়ে যাবে।

হিন্দু হয়ে যাওয়ার কথা শুনে মিতুলের খুব ঘৃনা হয়। মিতুল জানে হিন্দুরা জাহান্নামী। জাহান্নামীরা তিতো আর নোংরা খাবার খাবে। রবিন্দ্রনাথ একজন হিন্দু।

সেও একজন জাহান্নামী। তার লেখা গান প্রতিদিন সকালে এসিম্বিলির সময় সুর করে গাওয়ার কোন প্রশ্নই আসে না। স্কুলের স্যাররা একেবারে গাধা। তারা ইসলামের কিছুই বোঝে না।

মামা বলেন কাল থেকে তোরা এসিম্বিলি করবি না।

রানা বলে

স্যার যদি কিছু বলে তবে কি বলব ?

মামা কিছুক্ষন নিরব থেকে কাগজে প্রায় দশ লাইনের একটা কথা লিখে দিয়ে বললেন এটা মুখস্ করে নে। স্যার প্রশ্ন করলেই এক নিশ্বাসে রচনার মত মুখস্ বলে দিবি।

পরদিন রানা আর মিতুল দেরি করে স্কুলে যায় যাতে এসিম্বিলিতে যোগ দিতে না হয়। রানা সারা বছর এসিম্বিলি না করলেও সমস্য নেই কিন্তু মিতুল একদিন এসিম্বিলি ফাকি দিলেই স্যার টের পেয়ে যাবে। ও প্রতিদিন জাতীয় সঙ্গিত গায় তো, তাই। সত্যি সত্যিই তাই হল দুএকদিন পরই একদিন হেড স্যার ক্লাসে এসে মিতুলকে দাড় করালেন।

-এই তোকে কয়েকদিন ধরে এসিম্বিলিতে দেখছিনা কেন ?

মিতুল কি উত্তর দেবে ভেবে পায় না। মামার লিখে দেওয়া রচনাটা তার ভাল মুখস্ হয় নি। সে কেবল রানার দিকে তাকাতে থাকে। হেড স্যার লাঠি উচিয়ে তার দিকে তেড়ে আসলেন। হেড স্যার এমনিতে খুব ভাল মানুষ কিন্তু যখন মারেন হাড় আর চামড়া আলাদা করে ফেলেন। মিতুল চোখ কান বুজে কেবল আল্লাহকে ডাকতে থাকে। কয়েকদিন আগে সান্টুমামা নবী ইউনুছ (আঃ) এর দোয়া শিখিয়ে দিয়েছিলেন।

লা ইলাহা ইল্লা আনতা
সুবহানাকা ইন্নী কুনতু মিনাজ জালিমীন

ইউনুছ (আঃ) কে যখন মাছে খেয়ে ফেলে তখন তিনি আল্লাহর নিকট এই দোয়া করেছিলেন। এই জন্য এই দোয়াটিকে দোয়ায়ে ইউনুছ বলা হয়। যে কোন বিপদে এই দোয়াটি পড়লে আল্লাহ সাহায্য করেন। হেড স্যার এখন বাঘের মত তেড়ে আসছে এরচে বড় বিপদ আর কি আছে! মিতুল চোখ বুজে

মৃদু স্বরে কেবলই দোয়াটি পড়তে থাকে। মিতুলের কাছাকাছি আসলে হেড স্যারও দোয়াটি শুনে ফেলেন। তার খুব মায়া হয়। তিনি খুবই ভাল মানুষ। পাচ ওয়াক্ত সলাত পড়েন। মুখে লম্বা দাড়ি রাখেন। সান্টু মামার মত লম্বা জামা পরেন। তিনি আল্লাহকে দারুন ভয় করেন। মিতুলকে দোয়া ইউনুছ পড়তে শুনে তাই তার মন গলে যায়। হাতের লাঠিটি নামিয়ে ফেলে মিতুলের মাথায় হাত বুলাতে থাকেন। মিতুল তখনও চোখ বুজে ছিল। চোখ খুলে যখন দেখল হেড স্যার তার মাথায় হাত বুলাচ্ছে তখন একটুও অবাক হল না। যে দোয়া পড়ে নবী ইউনুছ (আঃ) মাছের পেট থেকে মুক্তি পেয়েছেন সেই দোয়া পড়লে এমন হতেই পারে। এতে অবাক হওয়ার কি আছে ! মাথায় হাত বুলাতে বুলাতেই হেড স্যার খুব নরম গলায় বললেন

কদিন থেকে এসিম্বিলিতে থাকছিস না কেন ?

মিতুলের এবার সাহস হয়। হেড স্যারের দিকে না তাকিয়েই বলে

স্যার, আমার সোনার বাংলা গাওয়া যাবে না। ওটা

গেলে পাপ হবে।

কেন ? মিতুলের কথা শুনে হেড স্যার ভীষন অবাক হন।

মিতুল কোন উত্তর দিচ্ছে না দেখে রানা দাড়িয়ে বলে

স্যার আমরা মুসলিম। আমরা বাংলাদেশকে ভালবাসিনা। কারন এখানে আল্লাহর আইন দিয়ে বিচার হয়না। এই আকাশ, বাতাস, মাটি, পানি সব কিছুই আল্লাহর দান। যে দেশে আল্লাহর আইন দিয়ে বিচার হয় সে দেশ আমাদের দেশ, আমরা সে দেশকে ভালবাসব আর যে দেশে আল্লাহর আইন দিয়ে বিচার হয়না সে দেশ আমাদের নই সে দেশ ফিরআউনের দেশ। আমরা সে দেশকে ঘৃনা করি। সে দেশ থেকে হিজরত করা ফরজ। মুসা (আঃ) এর জন্মভুমি ছিল মিসর সেখানে ফিরআউন নিজের আইন দিয়ে বিচার করত। আল্লাহর আইন মানত না। তাই তিনি মুসলিমদের নিয়ে মিশর থেকে হিজরত করেন। আমাদের নবী হযরত মুহাম্মাদ (সঃ) ও তার জন্মভুমী মক্কা থেকে মদীনাতে হিজরত করেছেন। এদেশে আল্লাহর আইন দিয়ে বিচার হয়না

এটাও ফিরআউনের দেশ।

এতদুর বলে রানা মনে করার চেষ্টা করে মামা যা লিখে দিয়েছিলেন কিছু বাদ গেছে কিনা। বাদ যাওয়ার কথা নই। গত দু-তিন দিন ধরে সে কেবল ওটিই মুখস্ করেছে। রানার মনে হয় একটা ভুল হয়ে গেছে। মামা যে রবীন্দ্রনাথকে হিন্দু বলেছিল সে কথাটা বলা হয়নি। এটার জন্য রানার খুব আফসোস হয়। বড় বড় ইংরাজী রচনা মুখস্ করতেই রানার এক দুদিন সময় লাগে। মামার লিখে দেওয়া এই বাংলা রচনাটা তো তার ভুলে যাওয়ার কথা নই। কেন যে কথাটি ভুলে গেল। পরে রানা খাতা খুলে মিলিয়ে দেখেছিল। মামা যা যা লিখে দিয়েছিলেন তার একটুও বাদ যায় নি। মামা তার লেখার মধ্যে রবিন্দ্রনাথের কথা বলেন নি। তিনি সেদিন মিতুলকে বোঝানোর সময় রবিন্দ্রনাথের কথা বলেছেন। রানা তখন খুব খুশি হয়েছিল।

রানার মুখ থেকে রচনাটা শোনার পর হেড স্যার কিছুক্ষন চুপ থাকেন। আস্তে আস্তে হেটে টেবিলে যেয়ে বসেন। মাথা নিচু করে কিছুক্ষণ কি যেন

ভাবলেন তারপর বললেন

তোকে এসব কে শিখিয়েছে রে ?

-আমার ছোটমামা।

-সত্যিই তোর ছোটমামা খুব জ্ঞানী ব্যাক্তি। তাকে একদিন স্কূলে নিয়ে আসতে পারবি ?

রানার মনে হয় মামা স্কুলে আসবে না। তিনি স্কূলকে খুব ঘৃনা করেন। বার বার বলেন

স্কূল কলেজে যা শেখান হয় তাতে মুসলমান হিন্দু খৃষ্টান হয়ে যায়। মাদ্রাসা গুলোর অবস্থাও খারাপ। সেখানে কোরআন হাদাস শেখান হয় বটে কিন্তু ইসলামের প্রকৃত শিক্ষা দেওয়া হয় না।

রানাকে নিরব দেখে হেড স্যার বলেন

আজ বাড়ি যাওয়ার আগে আমার সাথে অফিসে দেখা করবি। কথাটি বলেই ঘন্টা পড়ার আগেই তিনি ক্লাস থেকে বের হয়ে যান।

ঘন্টা পড়লে রানা গেল হেড স্যারের সাথে দেখা করতে। স্যার তাকে দেখেই ছোট একটা কাগজ

দিয়ে বললেন

এটা তোর মামাকে দিবি। বলবি হেড স্যার দিয়েছেন।

কাগজটিতে লেখা ছিল

শ্রদ্ধেয় মামাজান,

সালাম নিবেন। আশা করি ভাল আছেন। আমি আপনার জ্ঞানের পরিচয় পেয়ে মুগ্ধ হয়েছি। আপনি আগামী বৃহস্পতি বার আমার বিদ্যালয়ে পদধুলি দিলে আমি যার পর নায় খুশি হব। আশা করি আমার অনুরোধ রাখবেন।

ইতি
সিরাজ মল্লিক
প্রধান শিক্ষক
পায়রাগাছি মাধ্যমিক বিদ্যালয়

ছোট মামা পত্রটি পড়ে বেজায় খুশি হলেন। মামাকে খুশি দেখে রানা বলে

মামা, যাবেন তো ?

মামা মাথা নাড়েন। তিনি যাবেন। এভাবে পত্রযোগে ডেকে পাঠালে না যেয়ে পারা যায়!

বৃহস্পতি বার রানারা আগেই স্কুলে চলে যায়। সান্টুমামা পরে আসবেন। তার বেশ কিছু কাজ রয়েছে, সেগুলো সেরেই তিনি চলে আসবেন। মামা যখন স্কূলে পৌছাল হেড স্যার তখন রানাদের ক্লাসেই ছিলেন। তাকে খুব খুশি খুশি মনে হচ্ছিল। তিনি কেবলই বলছিলেন

তোমার মামা এখনও আসলেন না যে, ব্যাপার কি ?

হঠাৎ বাবুভাই এসে ক্লাস রুমের দরজায় দাড়াল। সে এই স্কুলের দপ্তরি। তার নাম বাবু। স্কুলের সব ছাত্র তাকে বাবুভাই বলে ডাকে। বিভিন্ন নোটিশ পড়া, স্যারদের চা,বিস্কুট এনে দেওয়া তার কাজ। তার অভ্যাস হল তিনি খুব কম কথা বলেন। তার কথা বলা দেখে মনে হয় প্রতিটি কথা পেট থেকে বের করতে তার শত টাকা খরচা হয়। হেড স্যারের সামনে তো মুখে লাগাম দিয়ে থাকে। অতি প্রয়োজনে যদি কিছু বলতে হয় তবে স্যারের সামনে এসে দাড়িয়ে থাকে স্যার অনুমতি দিলে দু একটি

কথা বলে আবার চুপ হয়ে যায়। এই বদ অভ্যাসের জন্য স্যার যে তাকে কত বকেছেন!

বাবু মুখটা কাচুমাচু করে অনেক্ষন দরজায় দাড়িয়ে থাকল। হেড স্যার মাথা নিচু করে কি যেন ভাবছিলেন। তিনি বাবুকে খেয়াল করেন নি। বাবুকে দেখার পর থেকে রানার মনে হচ্ছে ছোট মামা এসেছেন, বাবুভাই নিশ্চয় সে খবরই নিয়ে এসেছেন। হেড স্যার মাথা তুলে বাবুকে দেখে যেন ভুত দেখার মত অবাক হলেন। বিশেষ কোন প্রয়োজন ছাড়া তো বাবুর আসার কথা নই। একদৃষ্টিতে বাবুর পা থেকে মাথা পর্যন্ চোখ বুলাতে বুলাতে বললেন

তু...ই কখন আসলি ?

অনেক্ষন স্যার। আপনি ঘুমাচ্ছিলেন তো তাই আপনাকে ডাকিনি। খুব জোর করে পেট থেকে কথাগুলো বের করে বাবু আবার নিরব হয়ে যায়।

হেড স্যার তার উপর ভীষণ ক্ষেপে যান। চেচিয়ে চেচিয়ে বলেন

আমি ক্লাসে এসে ঘুমাই, না? তুই দেখছি আমার

চাকরীর বারোটা বাজিয়ে দিবি। কি জন্য এসেছিস তাই বল।

স্যার, সান্টু নামের একজন আপনার সাথে দেখা করতে এসেছে।

সান্টু মামার কথা শুনে স্যার চেয়ার থেকে লাফিয়ে ওঠেন। উদ্বেগের সাথে বলেন

তিনি কখন এসেছেন? তুই নিশ্চয় তাকে অনেক্ষণ বসিয়ে রেখেছিস। তোরা পিঠের চামড়া আজ আমি খসিয়ে দেব। বুঝলি ?

হেড স্যারের তর্জন গর্জন শুনে বাবু ভায়ের কালো মুখখানা লাল হয়ে যায়। আমতা আমতা করে বলেন

না স্যার আমি উনাকে বসিয়ে রাখিনি। উনাকে বারান্দায় দাড় করিয়ে রেখেই আপনাকে ডাকতে চলে এসেছি।

বাবুভাই সান্টুমামাকে দাড় করিয়ে রেখেছে শুনে স্যার যেন আকাশ থেকে পড়লেন। লাঠি হাতে ক্লাস রুম থেকে এমন ভাবে তেড়ে বের হলেন যে বাবু ছাড়া

অন্য কেউ হলে নিশ্চয় পালিয়ে প্রান রক্ষা করত। কিন্তু বাবু সস্থানে স্থীর দাড়িয়ে রইল। সে এই স্কুলে প্রায় ৮ বছর ধরে কর্মরত। সে ভাল করেই জানে হেড স্যার মানুষটা খুবই চমৎকার। কেবল একটু তর্জন গর্জন করেন এই যা। যে কারও যে কোন অসুবিধাতে তার কাছে সাহায্য চাইলে তিনি সাহায্য করবেন। অর্থ লাগলে অর্থ দেবেন, যদি রাতদিন তার সেবা করতে হয় তাও তিনি করবেন। তার মত সহৃদয় মানুষ দুটি মেলা ভার। তাকে যারা চেনে না তার তাকে কঠিন মানুষ মনে করে কিন্তু তার সাথে যাদের পরিচয় আছে তারা কখনও তার দুর্নাম করতে পারবে না। পরিচিত সবাই তাকে খুব সম্মান করে যদি তিনি রাতকে দিন বলেন তবু কেউ তার কথার প্রতিবাদ করার সাহস পায় না। তার অনেক বয়স। বহুদিন ধরে তিনি এই স্কুলে শিক্ষকতা করছেন। এখন এলাকায় জীবিত এমন কোন লোক নেই যে তার কাছে পড়েনি। সবাই তাকে স্যার বলে ডাকে।

হেড স্যার ক্লাস রুম থেকে দ্রুত অফিসের দিকে রওয়ানা হলেন আর বাবুভাই অপরাধীর মত তার

পিছু নিল। ক্লাসের ছাত্রদের কেউ কেউ উৎসাহ চেপে রাখতে না পেরে উকি ঝুকি মেরে দেখতে লাগল কে এসেছেন। সবাই ফিস ফিস করে বলছিল

অফিসার এসেছে, অফিসার এসেছে।

হেড স্যার সান্টু মামাকে খুব সমাদর করে চেয়ারে বসালেন। মামাকে দেখে তিনি খুব খুশি হলেন। যেন যেমন চেয়েছিলেন তেমনই পেয়েছেন। মামা অফিসে ঢুকেই রানা আর মিতুলের খোজ করলেন। বাবু যেয়ে তাদের ডেকে আনল। অফিসে অন্যান্য কয়েকজন স্যারও ছিল। ইসলাম শিক্ষার স্যার তখন ৮ম শ্রেনীতে ক্লাস নিচ্ছিলেন। ঘন্টা পড়লে তিনিও আসলেন। মামাকে দেখে হেড স্যার যেমন খুশি হয়েছেন অন্যান্য স্যারদের তেমন মনে হল না। ইসলাম শিক্ষার স্যার তো চোখ গোল্লা গোল্লা করে তাকাচ্ছিলেন মামার দিকে। হেড স্যার শুরু করলেন

আমরা আপনার কাছ থেকে কিছু জ্ঞানের কথা শুনতে চাই।

মামা বেশ কিছুক্ষন নিরব থাকলেন যেন তিনি বুঝে

উঠতে পারছেন না এসব বয়স্ক লোকদের তিনি কি শোনাবেন। কিছুক্ষন চুপ থেকে মামা বলতে আরাম্ভ করলেন

শিক্ষা জাতির মেরুদন্ড। যে জাতি যেমন শিক্ষায় শিক্ষিত সে জাতির দ্বারা তেমন কাজই আশা করা যেতে পারে। যে জাতি ইসলামী শিক্ষায় শিক্ষিত সে জাতি ইসলামী আইন ছাড়া অন্য কোন আইন মেনে নেবে না। ফলে সে দেশে ইসলামী আইন চলবে। আর যে জাতি অনিসলামিক শিক্ষায় শিক্ষিত সে দেশে মানুষের তৈরী আইন চলবে। এ দেশের শিক্ষা ইসলামী শিক্ষা নই বলেই এখানে ইসলামী আইন চলে না। এখানকার স্কূল কলেজে ভুল শেখান হয়। মাদ্রাসাতেও সঠিক ইসলাম শেখান হয় না। স্কুল, কলেজ , মাদ্রাসা সরকারের হুকুমে চলে। সরকার যেহেতু ইসলাম অনুযায়ী চলে না তাই এদেশের স্কূল কলেজ বা মাদ্রাসাতেও ইসলামে প্রকৃত শিক্ষা দেওয়া হয় না। এসব স্কূল কলেজে ছেলে মেয়েদের ভর্তি না করাই উচিৎ।

মামা এতদুর কথা বলতেই ইসলাম শিক্ষার স্যার

বলে উঠলেন

আল্লাহর রসুল (সঃ) যে বলেছেন প্রতিটি মুসলিম নর নারীর উপর জ্ঞান অর্জন ফরজ।

মামা একটু হেসে নিয়ে বললেন

জ্ঞান বলতে এখানে কোরআন হাদীসকে বোঝান হয়েছে। প্রতিটি মুসলিম নর নারীর উপর কোরআন হাদীসের জ্ঞান অর্জন ফরজ। কিভাবে সলাত পড়তে হয়, কিভাবে সওম পালন করতে হয় এসব জ্ঞান অর্জন না করলে পাপ হয়। কিন্তু স্কুলে কি এসব শিক্ষা দেওয়া হয়! স্কুলে তো হিন্দু খৃষ্টান কবি আর লেখকদের লেখা গল্প কবিতা পড়ানো হয়। আপনি কি মনে করেন মুসলিমদের ওপর আল্লাহ রবিন্দ্রনাথের কবিতা মুখস্ করা ফরজ করেছেন ?

ইসলাম শিক্ষার স্যার চুপ থাকেন। মনে হয় তিনি ছোট মামার কথা বুঝতে পেরেছেন। মামার কথাই হেড স্যার খুব খুশি হন। অন্য সবার দিকে তাকাতে তাকাতে বলেন।

দেখেছেন তো জ্ঞান কাকে বলে!

মামা আবার শুরু করেন।

স্কুলে ছোট ছোট বাচ্চাদেরকে বাড়ি গাড়ি আর চাকুরীর লোভ দেখানো হয় জান্নাত জাহান্নামের কথা বলা হয় না। ইসলামের প্রতি ভালবাসা শেখানো হয় না কেবল দেশের প্রতি ভালবাসা শেখানো হয়।

ইসলাম শিক্ষার স্যার যেন আর একটি সুযোগ পেলেন। উদাসিনভাবে বললেন।

আল্লহর রসুল (সঃ) বলেছেন

হুব্বুল ওয়াতনি মিনাল ইমান

অর্থাৎ দেশ প্রেম ইমানের অঙ্গ।

মামা আবার হাসলেন। স্যারের দিকে তাকিয়ে বললেন।

মওলানা সাহেব, এ হাদীস তো জাল। এর কোন ভিত্তি নেই। ইয়াহুদী খৃষ্টানরা এ হাদীস আল্লাহর রসুল (সঃ) এর নামে চালিয়েছে। এরকম আর একটা জাল হাদীসে আছে

হুব্বুল হিররা মিনাল ইমান

অর্থাৎ বিড়ালকে ভালবাসা ইমানের অঙ্গ। আপনি কি মনে করেন বিড়ালকে ভালবাসা ইমানের অঙ্গ হওয়া উচিৎ?

ইসলাম শিক্ষার স্যার খুব দ্রুত মাথা নাড়েন। বিড়ালকে ভালবাসার কোন ইচ্ছাই তার নেই। মাত্র দিন কয়েক আগে এক পাজী বিড়াল যে কারসাজী দেখিয়েছে তাতে তিনি বিড়াল জাতির উপর যারপর নাই অসন্তুষ্ট হয়েছেন।

মামা বলতে থাকেন

এ হাদীসটিও আগেরটির মত জাল হাদীস। মিথ্যা হাদীসকে জাল হাদীস বলে। আরবীতে বলে মওযু হাদীস। মওযু হাদীস মানা যাবে না সহীহ হাদীস মানতে হবে।

মামার কথার মাঝে হেড স্যার বেশ জোরে হেসে উঠে বললেন

মওলানা সাহেব, ১২ বছর ধরে মাদ্রাসাতে পড়ে আপনার আর কি লাভ হল , এখন দেখি আপনি জাল হাদীস কাকে বলে তাও জানেন না।

মওলানা স্যার মুখ কাচু মাচু করে বললেন

দেশে এতো আলেম রয়েছেন তারা কি কিছুই জানেন না ?

জানেন বটে কিন্তু ভয়ে মুখ খোলেন না। কারন তাদের চাকুরী যাওয়ার ভয় আছে। যে সব আলেমরা মসজিদে ইমামতি করে , মাঠে ময়দানে আর রেড়িও টেলিভিশনে ওয়াজ করে বেড়ায় তাদের বেশির ভাগই ভুল কথা বলে। তারা ইমামতি আর ওয়াজ নসিহত করে টাকা কামায় করে। টাকার লোভে তারা ভুল বকে। টাকা কামায় করা আলেমদের ওয়াজ শোনাও পাপ।

মামার কথা শেষ হতেই হেড স্যার বলেন

ঠিকই বলেছে, খুব চমৎকার বলেছে। এসব আলেমরাই ইসলামের সবচেয়ে বড় ক্ষতি করে চলেছে। এদের কোরবানীর পশুর মত জবাই করা উচিৎ।

মওলানা স্যারের মুখ কালো হয়ে গেল। তাকে কোরবানীর গরুর মতই দেখাচ্ছিল। শরীরের দিক

থেকে কলীম স্যারের চেয়ে কম হলেও ভুড়ির দিক থেকে তিনিই সেরা। বেশিরভাগ মওলানারাই নানা লোকের বাড়ি নানা রকম খাবার খেয়ে গরুর মত ভুড়ি বানিয়ে ফেলেন। সেই ভুড়ির ভিতর কত যে মিথ্যা কথা আর জাল হাদীস থাকে তা গুনে শেষ করা যাবে না।

এতদুর আলোচনা হতেই বাবুভাই প্যাকেট ভর্তি খাবার কিনে আনলেন। খাওয়া দাওয়ার পর্ব শেষ করে আরও কিছুক্ষন আলোচনা হল। তারপর রানা আর মিতুলকে সাথে নিয়ে মামা বাড়ি চলে আসেন। হেড স্যার মামাকে আবার আসতে বারবার অনুরোধ করলেন।

৩. জীন

শুক্রবার দিন সকাল থেকেই ছোট মামা বাড়ির বিভিন্ন কাজে ভীষন ব্যাস্ হয়ে পড়লেন। রানাদের বাড়ির পুর্ব দিকে যে বেড় ছিল তার মধ্যে রাজ্যের সব গাছ পালা ভর্তি হয়ে ছিল। আম কাঠাল লিচু থেকে শুরু করে কুল গাছ পর্যন্ ৭/৮ টি

প্রজাতির প্রায় অর্ধশত গাছ শাখা প্রশাখা বিস্তার করে এক সাথে লুটো পুটি করছিল। ছোট মামার দায়িত্ব ছিল গাছের অপ্রয়োজনীয় ডালপালাগুলো ছেটে দেওয়া যাতে প্রতিটি গাছ স্বাধিনভাবে বেড়ে ওঠার সুযোগ পায়। সেদিন তার খুব খাটুনি হয়ে গিয়েছিল। কাজে কর্মে তিনি খুবই দক্ষ। ফজরের সালাতের পর থেকে শুরু করে সকালের খাবার খাওয়ার আগেই বেশিরভাগ কাজ সেরে ফেললেন। ইচ্ছা ছিল কাজ শেষ না করে সকালের খাবার খাবেন না কিন্তু বেশিক্ষন ক্ষুধা চেপে রাখতে না পেরে কর্মবিরতি দিতে বাধ্য হলেন। খাওয়া দাওয়া দ্রুত সেরে নিয়ে আবার কাজ শুরু করলেন কাজ শেষ হলে মা বললেন

নারকেল গাছে উঠতে পারিস?

মামা কিছু না বলে হুড় হুড় করে নারকেল গাছে উঠে পড়লেন। রানাদের নারকেল গাছ প্রায় ৩/৪ তলা বাড়ির সমান উচু। ছোট মামাকে অত দ্রুত উঠতে দেখে রানার গা শিউরে ওঠে। মামা কিন্তু ঠিকই উপরে উঠে গেল। ঝপ ঝপ করে কয়েকটি ডাব নিচে ফেলে নেমে আসবেন এমন সময় ডান দিকে মুখ

ঘুরিয়ে কি যেন দেখতে লাগলেন। বেশ কিছুক্ষন সেদিকে তাকিয়ে থেকে আস্তে আস্তে নেমে এলেন। নিচে নেমেও মামা চিন্তিত মনে কি যেন ভাবছিলেন। দুপুরে খেতে খেতে মামা মাকে বললেন

নারকেল গাছ থেকে পশ্চিম দিকে বেশ দুরে একটা পুরোন বাড়ি দেখতে পেলাম ওটা কি বলতে পারো?

মা বললেন শুনেছি ওটা আগে জমিদার বাড়ি ছিল। আমি বিয়ের পর থেকেই ওরকমই দেখে আসছি। কখনও ওখানে কাউকে বাস করতে দেখিনি।

